দৈনিক সংবাদ সংক্ষেপ

রবিবার ১৬ই জুলাই ২০১৭ ইং

কন্টিনেন্টাল ইন্স্যুরেন্সের ভ্যাট ফাঁকি তদন্তে এনবিআর

অগ্রিম মূল্য সংযোজন কর (মূসক) বা উেস ভ্যাটের হিসাবে গরমিল দেখিয়ে পাঁচ বছরে প্রায় ৪২ লাখ টাকা ফাঁকি দিয়েছে কন্টিনেন্টাল ইন্স্যুরেন্স লিমিটেড। ২০১১-২০১৫ সাল পর্যন্ত সময়ে ফাঁকি দেয়া ওই ভ্যাটের সঙ্গে ২ শতাংশ হারে সুদ ও জরিমানা মিলিয়ে কোম্পানিটির কাছে ৪৪ লাখ ৭৯ হাজার ২৯৪ টাকা দাবি করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। এনবিআরের কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা দক্ষিণের নিরীক্ষিত আপত্তির পর চূড়ান্ত মীমাংসার জন্য বৃহস্পতিবার তা ভ্যাট নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের কাছে পাঠিয়েছে এনবিআর। এনিআর সূত্রে জানা গেছে, সংশ্লিষ্ট কমিশনারেট থেকে তদন্ত করে কন্টিনেন্টাল ইন্স্যুরেন্সের ৪১ লাখ ৭৫ হাজার ৯২০ টাকার উেস ভ্যাট কম দেয়ার তথ্য পায় এনবিআর। ২০১১-২০১৫ সাল পর্যন্ত কোম্পানির প্রকাশিত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ও এনবিআরে প্রদত্ত কোম্পানির তথ্য পর্যালোচনা করে এ তথ্য পাওয়া গেছে। আলোচ্য সময়ে বিভিন্ন খাত থেকে উেস ভ্যাট কর্তন বাবদ এনবিআরকে ২২ লাখ ৯৭ হাজার ৭৫৯ টাকা পরিশোধ করেছে কন্টিনেন্টাল ইন্স্যুরেন্স, যা প্রকৃত হিসাবের চেয়ে ৪১ লাখ ৭৫ হাজার ৯২০ টাকা কম। বছর হিসাবে উক্ত বকেয়া ভ্যাটের ওপর ওই সময়ে আরো ৩ লাখ ৩ হাজার ৩৭৪ টাকা সুদ হিসেবে যুক্ত হয়েছে। ফলে কোম্পানিটিকে সুদসহ অতিরিক্ত অর্থ পরিশোধ করতে হবে।http://bonikbarta.net

গেল সপ্তাহে মূল্যসূচক ও লেনদেন উভয় ক্ষেত্রেই ইতিবাচক ধারায় ছিল দেশের পুঁজিবাজার। প্রথমবারের মতো ৫ হাজার ৮০০ পয়েন্ট অতিক্রম করেছে ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) প্রধান সূচক ডিএসইএক্স। প্রধান স্টক এক্সচেঞ্জের দৈনিক গড় লেনদেনও ১ হাজার ১০০ কোটি টাকা ছাড়িয়েছে। এদিকে ছোট মূলধনি শেয়ারের একদফা উত্থানের পর গত সপ্তাহে এসে তুলনামূলক ভালো মৌলভিত্তির ও বড় মূলধনি কোম্পানিতে বিনিয়োগকারীদের আগ্রহ বাড়তে দেখা গেছে।বাজার পর্যবেক্ষণে দেখা গেছে, ঈদের আগে ইতিবাচক ধারায় ফেরা শেয়ারবাজারের উর্ধ্বমুখী প্রবণতা অব্যাহত ছিল গত সপ্তাহেও। ঈদের ছুটির পর প্রথম কার্যদিবসে ৫ হাজার ৫৯৯ পয়েন্টে লেনদেন শুরু হওয়া ডিএসইএক্স গেল সপ্তাহের শেষদিনে ৫ হাজার ৮৩৪ পয়েন্টে উন্নীত হয়। সপ্তাহের মোট পাঁচ কার্যদিবসের চারদিনই বেড়েছে প্রধান সূচকটি। http://bonikbarta.net

দর্জি কারখানা ও অটোমোবাইল ওয়ার্কশপ শ্রমিকদের মজুরি পর্যালোচনার উদ্যোগ

দীর্ঘদিন পর দর্জি কারখানা ও অটোমোবাইল শিল্প খাতে মজুরি পর্যালোচনার উদ্যোগ নেয়া হয়েছে। সম্প্রতি এক প্রজ্ঞাপনের মাধ্যমে খাতগুলোর মজুরি পর্যালোচনার জন্য বোর্ড সদস্য হিসেবে মালিক ও শ্রমিক প্রতিনিধিদের নাম ঘোষণা করা হয়।জানা গেছে, সারা দেশে মানসম্পন্ন দর্জি কারখানা রয়েছে ৩০ হাজারের বেশি। এসব দর্জি কারখানায় কাজ করেন ১০ লাখের বেশি শ্রমিক। শ্রম মন্ত্রণালয় স্বীকৃত এ শিল্প খাতটিতে সর্বশেষ মজুরি পর্যালোচনা হয় ২০০৮ সালে। প্রায় ১০ বছর পর এ খাতে মজুরি পর্যালোচনার উদ্যোগ নেয়া হয়েছে।অন্যদিকে দেশে অটোমোবাইল ওয়ার্কশপ রয়েছে প্রায় ৩০ হাজার। এ খাতে কাজ করেন প্রায় ২০ লাখ শ্রমিক। খাতটিতে সর্বশেষ মজুরি পর্যালোচনা হয় ২০০৯ সালে। সম্প্রতি এ খাতেও মজুরি পর্যালোচনার উদ্যোগ নিয়েছে শ্রম মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা নিম্নতম মজুরি বোর্ড।জানা গেছে, জুনের শেষভাগে 'দর্জি কারখানা' ও 'অটোমোবাইল ওয়ার্কশপ' শিল্প খাতে মজুরি পর্যালোচনার আনুষ্ঠানিকতা শুরু হয়। ২ জুলাই প্রজ্ঞাপন আকারে খাতগুলোর মজুরি পর্যালোচনা বোর্ডের সদস্য হিসেবে মালিক ও শ্রমিক প্রতিনিধিদের নাম ঘোষণা করা হয়। http://bonikbarta.net

ওষুধের খরচ কমিয়ে আনতে উদ্যোগী যুক্তরাষ্ট্র

কোনো ওষুধ থেকে প্রত্যাশিত ফল পাওয়া না গেলে উৎপাদক কোম্পানিকে অর্থ ফেরত দিতে হবে। ওষুধের খরচ কমিয়ে আনতে এক দশক আগে এ ধরনের অভিনব কৌশল গ্রহণ করেছিল ইতালি। জাতীয় স্বাস্থ্য ব্যবস্থায় সে অর্থ যোগ করার পরিকল্পনা নেয়া হয়। ইতালির সে প্রচেষ্টা যুগপৎ ব্যর্থ হলেও যুক্তরাষ্ট্র এবার সে পথেই হাঁটতে যাচ্ছে। গত জানুয়ারিতে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে বৈঠকে দেশটির ওষুধ খাতের নির্বাহী কর্মকর্তারা ইতালির অনুকরণে সমধর্মী পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেয়। বৈঠকের সূত্র ধরে ওষুধের বেড়ে চলা দামে লাগাম টানতে গত মাসে একটি খসড়া নির্বাহী আদেশ তৈরি করেছে যুক্তরাষ্ট্র। এরইমধ্যে দেশটির অনেক ওষুধ কোম্পানি ওষুধের ফলাফলের ওপর ভিত্তি করে চুক্তি সম্পন্ন করছে। খবর নিউইয়র্ক টাইমস।**http://bonikbarta.net**

সুপার মার্কেটে বিদেশী বিনিয়োগ অনুমোদনের কথা ভাবছে ভারত

স্থানীয় সুপার মার্কেটে বিদেশী খুচরা বিক্রেতাদের বিনিয়োগ উন্মুক্ত করার প্রস্তাব বিবেচনা করছে ভারত। বিষয়টির সঙ্গে সংশ্লিষ্ট নাম প্রকাশে অনিচ্ছুক একটি সূত্র এ তথ্য জানায়। খবর ইকোনমিক টাইমস।সূত্র জানায়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন একটি বৈঠকে ওয়ালমার্ট স্টোর ইনকরপোরেটেড এবং ক্যারিফোর এসএল-এর মতো বিদেশী খুচরা বিক্রেতাদের শতভাগ বিনিয়োগের সুযোগ দেয়ার বিষয়ে সিদ্ধান্ত নেয়া হতে পারে৷ তবে এক্ষেত্রে স্থানীয়ভাবে উত্পাদিত পণ্য বিক্রি এবং কমপক্ষে ১০ কোটি ডলার বিনিয়োগের শর্ত রয়েছে৷ মূলত চাকরির সুযোগ সৃষ্টির লক্ষ্যে খুচরা খাতে বিদেশী বিনিয়োগের বিপক্ষে থাকা মোদি তার অবস্থান থেকে সরে এসেছেন৷ বলা বাহুল্য, ২০১৪ সালে ক্ষমতায় আসার পর নির্বাচনী প্রতিশ্রুতির অংশ হিসেবে বহুজাতিক খুচরা প্রতিষ্ঠানগুলোর বিদেশী বিনিয়োগের ওপর নানা বিধিনিষেধ আরোপ করে মোদি সরকার।http://bonikbarta.net

বাজারের বর্তমান পরিস্থিতিতেই সবচেয়ে নিরাপদ সৌদি আরব

অপরিশোধিত জ্বালানি তেলের বাজার পুনরুদ্ধারের সব চেষ্টাই পর্যবসিত হচ্ছে ব্যর্থতায়। বৈশ্বিক বৃহত্ উত্তোলক দেশগুলোর উত্তোলন ও সরবরাহ হ্রাসের সম্মিলিত প্রয়াসও পণ্যটির বাজারে স্থিতিশীলতা ফিরিয়ে আনতে পারছে না। এ অবস্থায় পণ্যটির শীর্ষ রফতানিকারক দেশ সৌদি আরবের যতটা হতাশ হয়ে পড়ার কথা, ততটা হতাশায় নেই দেশটি। প্রকৃতপক্ষে বাজারের বর্তমান পরিস্থিতিই সৌদি আরবের জন্য সবচেয়ে বেশি মঙ্গলজনক বলে মনে করছেন বাজার বিশেষজ্ঞরা।http://bonikbarta.net

চীনকে শীর্ষ অর্থনীতি মনে করে ৩২% মানুষ

বিশ্বের ৪২ শতাংশ মানুষ মনে করে বর্তমান বিশ্বের শীর্ষ অর্থনীতির দেশ যুক্তরাষ্ট্র। এর বিপরীতে ৩২ শতাংশ মানুষের ধারণা অর্থনৈতিক নেতৃত্ব দিচ্ছে চীন। সম্প্রতি ৩৮ দেশের ওপর পরিচালিত পিউ রিসার্চের সর্বশেষ জরিপে এ তথ্য উঠে এসেছে। প্রতিবেদনে বলা হয়, খুব দ্রুতই বিশ্বের অর্থনৈতিক নেতৃত্বে আসছে চীন৷ তবে মানুষ এখনো মনে করে, শীর্ষে রয়েছে যুক্তরাষ্ট্র৷ এশিয়া, লাতিন আমেরিকা ও সাব-সাহারা অঞ্চলের বেশির ভাগ মানুষই বিশ্বাস করে, এখনো শীর্ষ অর্থনীতির দেশ যুক্তরাষ্ট্র।http://www.kalerkantho.com

এজেন্ট ব্যাংকিং শুরু করল ইসলামী ব্যাংক

ব্যাংক সেবার বাইরে থাকা জনগোষ্ঠীকে যুক্ত করতে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে ইসলামী ব্যাংক বাংলাদেশ। গতকাল শনিবার সাভার উপজেলার বিরুলিয়া ইউনিয়নের বউবাজারে ব্যাংকটির প্রথম এজেন্ট ব্যাংকিং কেন্দ্রের উদ্বোধন করেন ইসলামী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মো. আব্দুল হামিদ মিঞা। উদ্বোধনী অনুষ্ঠানে জানানো হয়, এজেন্ট ব্যাংকিং কেন্দ্রে বিভিন্ন ধরনের হিসাব খোলা, নগদ টাকা জমা ও উত্তোলন, বিদেশ থেকে আসা রেমিট্যান্সের অর্থ প্রদান, ইউটিলিটি বিল সংগ্রহ, ফান্ড ট্রান্সফার, ব্যালান্স অনুসন্ধান, ক্লিয়ারিং চেক গ্রহণ, চেক বই এবং ডেবিট ও ক্রেডিট কার্ডের আবেদন গ্রহণ, ইন্টারনেট ব্যাংকিং সেবা, এমক্যাশের হিসাব খোলা ও লেনদেন ছাড়াও ক্ষুদ্র ও কৃষি বিনিয়োগ সুবিধা প্রদান করবে ইসলামী ব্যাংক। http://www.kalerkantho.com